ভোরের কাগজ

23 MAR 2003

# পাকিস্তানভিত্তিক সিটি স্কুল ঢাকা শাখার উদ্বোধন

শিক্ষামন্ত্রী ড. এম ওসমান ফারুক এমপি বলেছেন, সংস্কারের মাধ্যমে দেশের শিক্ষা ব্যবস্থাকে আমরা এমনভাবে গড়ে তুলতে চাই যাতে শিক্ষিতরা আন্তর্জাতিক শ্রম বাজারে কর্মসংস্থানের প্রতিযোগিতায় তাদের যোগ্যতম স্থান দখল করে নিতে পারে। শিক্ষামন্ত্রী গতকাল শনিবার ঢাকায় পাকিস্তানভিত্তিক শিক্ষা প্রতিষ্ঠান সিটি স্কুলের ঢাকা শাখার উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা করছিলেন। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে শিক্ষা সচিব মোহাম্মদ শহীদুল আলম এবং সিটি গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক মিসেস ফারজানা ফিরোজ বক্তৃতা করেন।

শিক্ষামন্ত্রী বলেন, সরকার শিক্ষাক্ষেত্রে এমন কিছু সংস্কারের উদ্যোগ গ্রহণ করেছে যার ফলে শিক্ষা হবে জীবনমুখী, কর্মমুখী, বাস্তবমুখী এবং যুগোপযোগী। তিনি বলেন, আমরা মানবিক গুণাবলী ও নৈতিকতা সম্পন্ন সুশিক্ষিত সর্বাঙ্গ সুন্দর ভবিষ্যৎ প্রজন্ম দেশের জন্য রেখে যেতে চাই। তথ্য বিবরণী।